গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
গবেষণা ও উন্নয়ন শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা)নিউ বেইলী রোড, ঢাকা।
www.dme.gov.bd

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০২.০০১.২২.২৫৭৮

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

বিষয়: **মাদ্রাসা শিক্ষকদের "জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১" অনলাইন প্রশিক্ষণ প্রসঙ্গে।**

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, ২০২৩ শিক্ষাবর্ষ থেকে সারাদেশের মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষা প্রতিষ্ঠানে ৬ষ্ঠ ও ৭ম শ্রেণিতে জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১-এর আলোকে প্রণীত শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক অনুযায়ী শিখন কার্যক্রম চালু হতে যাচ্ছে। শিক্ষাক্রম বাস্তবায়নে শিক্ষকদের ধারাবাহিকভাবে প্রশিক্ষণ প্রদানের অংশ হিসেবে মাধ্যমিক পর্যায়ের সকল শিক্ষকদের (মাদ্রাসাসহ সাধারণ ও কারিগরি শিক্ষা প্রতিষ্ঠানসমূহ এবং প্রাথমিক বিদ্যালয়সমূহের মধ্যে যেখানে ৬ষ্ঠ-৮ম শ্রেণি পর্যন্ত পাঠদান করা হয়) জন্য মুক্তপাঠ ই-লার্নিং প্লাটফর্মে **'জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনলাইন প্রশিক্ষণ'** চালু করা হয়েছে। এরই প্রেক্ষিতে, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের Google Form-এ তথ্য প্রদানকারী মাদ্রাসার শিক্ষকগণকে আগামী ৩১ অক্টোবর ২০২২-এর মধ্যে মুক্তপাঠ ই-লার্নিং প্লাটফর্মে (**muktopaath.gov.bd/course-details/898/** লিংকে) যুক্ত হয়ে **ইনডেক্স নাম্বার** ব্যবহার করে অনলাইন প্রশিক্ষণ সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি: অনলাইন প্রশিক্ষণে অংশগ্রহণের নির্দেশিকা

১০-১০-২০২২
মোঃ জিয়াউল আহসান
পরিচালক
ফোন: ০২-৪১০৩১৯২
ইমেইল:
ziaulahsan0000@gmail.com

অধ্যক্ষ/সুপার,...সকল সরকারি/বেসরকারি মাদ্রসা।

স্মারক নম্বর: ৫৭.২৫.০০০০.০১০.০২.০০১.২২.২৫৭৮/১(২৫৪)

তারিখ: ২৫ আশ্বিন ১৪২৯
১০ অক্টোবর ২০২২

সদয় অবগতি ও কার্যার্থে প্রেরণ করা হল:

১) সচিব , কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, ঢাকা।
২) মহাপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর, ঢাকা।
৩) চেয়ারম্যান, জাতীয় শিক্ষাক্রম ও পাঠ্যপুস্তক বোর্ড, ঢাকা।
৪) প্রকল্প পরিচালক, এসপায়ার টু ইনোভেট (এটুআই) প্রোগ্রাম
৫) জেলা প্রশাসক.....(সকল)।
৬) উপজেলা নির্বাহী অফিসার.....(সকল)।
৭) জেলা শিক্ষা অফিসার.....(সকল)।
৮) উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার....(সকল)।
৯) মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর, ঢাকা।

১০-১০-২০২২
মুহম্মদ হোসাইন
পরিদর্শক (খুলনা বিভাগ)

## অনলাইন প্রশিক্ষণ কোর্সে অংশগ্রহণের নির্দেশিকা

1. মাদ্রাসা শিক্ষা অধিদপ্তরের ওয়েবসাইট (**www.dme.gov.bd**)-এ ভিজিট করুন এবং **'জাতীয় শিক্ষাক্রম রূপরেখা ২০২১ অনলাইন প্রশিক্ষণ'**কোর্সের লিংকে ক্লিক করে কোর্সে প্রবেশ করুন। অথবা সরাসরি কোর্সে যেতে **muktopaath.gov.bd/course-details/898/**লিংকে ভিজিট করুন।
2. কোর্সে প্রবেশ করার পর **'কোর্সটি শুরু করুন'** বাটনে ক্লিক করে কোর্সে নিবন্ধন/লগইন করতে হবে। আপনি যদি ইতোমধ্যে মুক্তপাঠে নিবন্ধিত হয়ে থাকেন তাহলে সরাসরি আপনার মুক্তপাঠ ইউজার আইডি (রেজিস্ট্রেশনে ব্যবহৃত ইমেইল বা ফোন নম্বর) এবং পাসওয়ার্ড দিয়ে লগইন করুন।
3. আপনি যদি পূর্বে মুক্তপাঠে নিবন্ধিত না থাকেন তাহলে এখানে **'রেজিস্ট্রেশন করুন'** বাটনে ক্লিক করে প্রয়োজনীয় তথ্যাদি পূরণ করে রেজিস্ট্রেশন সম্পন্ন করতে হবে।
4. রেজিস্ট্রেশন সম্পন্ন করার সময় আপনার মোবাইল/ইমেইল যে কোন একটি ব্যবহার করা যাবে। মোবাইলের মাধ্যমে রেজিস্ট্রেশন করলে মোবাইলে একটি OTP আসবে আর ইমেইল ব্যবহার করলে ইমেইলে একটি ভেরিফিকেশন লিংক যাবে। OTP/ ইমেইল ভেরিফিকেশনের মাধ্যমে রেজিস্ট্রেশন সম্পন্ন হবে।
5. এছাড়াও, এই কোর্সে অংশগ্রহণ বা রেজিস্ট্রেশনের সময় শিক্ষক হিসেবে ভেরিফিকেশনের জন্য আপনার **index** নাম্বার এবং জন্মতারিখ (সার্টিফিকেট অনুযায়ী) প্রয়োজন হবে। ভেরিফিকেশন ফরমে আপনার শিক্ষা স্তর/পর্যায় ড্রপডাউন মেনুথেকে মাদ্রাসা সিলেক্ট করতে হবে। **index** নাম্বার ভেরিফিকেশনের ক্ষেত্রে একজন শিক্ষক একটি মাত্র **index** নাম্বার ব্যবহার করতে পারবেন। একাধিক একাউন্ট তৈরি বা একই নাম্বার একাধিকবার ব্যবহার করা যাবে না।
6. মুক্তপাঠে রেজিস্ট্রেশন ও প্রোফাইল আপডেট করার সময় আপনার সার্টিফিকেটের নামটি সঠিকভাবে লিখতে হবে। আপনার আইডি থেকে একবার সার্টিফিকেট তৈরি হওয়ার পর সার্টিফিকেটের নাম পরিবর্তন করা যাবে না।
7. এই কোর্সে মোট ৮টি মডিউল ও প্রত্যেকটি মডিউলের অভ্যন্তরে ৩-৫টি পাঠ/লেসন রয়েছে। প্রতিটি পাঠে রয়েছে নির্ধারিত বিষয়বস্তু যেমন: পূর্ব অভিজ্ঞতা প্রশ্নমালা, ভিডিও কনটেন্ট, পাঠ সহায়িকা (পিডিএফ), স্ব-মূল্যায়ন (কুইজ), মতামত ও আলোচনা। প্রত্যেকটি পাঠ/লেসনে প্রদত্ত নির্দেশনা অনুযায়ী অংশগ্রহণের মাধ্যমে পাঠটি সম্পন্ন হবে এবং ডান পাশে সবুজ টিকমার্ক দেখা যাবে। পাঠ সম্পন্ন না হলে বা টিকমার্ক দেখা না গেলে নির্দেশনা খেয়াল করুন।
8. প্রত্যেকটি পাঠ ধাপে ধাপে সম্পন্ন করে কোর্সটি সম্পন্ন করতে হবে, একটি পাঠ সম্পন্ন না করে পরের পাঠে যাওয়া যাবে না। সকল পাঠ (১০০%) সম্পন্ন করলে আপনি সার্টিফিকেট আবেদন করতে পারবেন।
9. এই কোর্সের সকল ভিডিও নির্দেশিকা কনটেন্ট, পাঠসহায়িকা, কুইজ ইত্যাদি মাউশি অধিদপ্তর, এনসিটিবি এবং এটুআই এর মাধ্যমে নির্মিত। বিনা অনুমতিতে কোর্সের কোন ভিডিও, পাঠসহায়িকা, কুইজের প্রশ্নোত্তর সামাজিক যোগাযোগ মাধ্যম (ফেসবুক/ইউটিউব) বা অন্য কোন মাধ্যমে শেয়ার করা নিষিদ্ধ। কোনো ব্যবহারকারী এরূপ কর্মকাণ্ডে জড়িত হলে তার বিরুদ্ধে বিভাগীয় ব্যবস্থা গ্রহণ করা হবে।
10. কোর্স সম্পন্ন করতে কোন কারিগরি সমস্যার সম্মুখীন হলে নিজ জেলার ICT4E অ্যাম্বাসেডর শিক্ষকদের সহায়তা নিতে পারবেন (তালিকা কোর্স লিংকে সংযুক্ত)।
11. এছাড়া মুক্তপাঠের ইউজার ম্যানুয়াল দেখতে ভিজিট করুন- **muktopaath.gov.bd/usermanual**
12. মুক্তপাঠ টিমের সাথে যোগাযোগ (বিস্তারিত কোর্স পাতায় রয়েছে):
    - ✓ ইমেইল: info.muktopaath@gmail.com
    - ✓ ফোন নম্বর: 01302879227, 01941411346, 01713243667, 01572051952

      (সকাল ৯.০০ টা থেকে সন্ধ্যা ৬.০০ টা পর্যন্ত)
    - ✓ ফেসবুক পেইজ:www.facebook.com/muktopaath.gov.bd

M. Ue -
১০/১০/২০২২

Hamon
১০/১০/২০২২

[signature]
১০/১০/২২